# আত-তাকভীর | At-Takwir | ٱلتَّكْوِير

আয়াতঃ ৮১ : ২৮

## আরবি মূল আয়াত:

لِمَن شَآءَ مِنكُمۡ أَن يَسۡتَقِيمَ ﴿٢٨﴾

## অনুবাদসমূহ:

যে তোমাদের মধ্যে সরল পথে চলতে চায়, তার জন্য। — আল-বায়ান

তার জন্য- যে তোমাদের মধ্যে সরল সঠিক পথে চলতে চায়। — তাইসিরুল

তোমাদের মধ্যে যে সরল পথে চলতে চায় তার জন্য। — মুজিবুর রহমান

For whoever wills among you to take a right course. — Sahih International

### ২৮. তোমাদের মধ্যে যে সরল পথে চলতে চায়, তার জন্য।(১)

(১) অন্য কথায় বলা যায়, এ বাণীটি তো সারা দুনিয়ার মানুষের জন্য উপদেশ একথা ঠিক, কিন্তু এর থেকে ফায়দা একমাত্র সেই ব্যক্তি হাসিল করতে পারে যে নিজে সত্যসরল পথে চলতে চায়। এ উপদেশ থেকে উপকৃত হবার জন্য মানুষের সত্য-সন্ধানী ও সত্য প্রিয় হওয়া প্রথম শর্ত। [বাদায়িউত তাফসীর]

তাফসীরে জাকারিয়া

### ২৮। তোমাদের মধ্যে যে সরল পথে চলতে চায় তার জন্য।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5828

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন